দৈনিক সংবাদ

তারিখ ... 14 JAN 1990 ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৩ ...

10

আজ সরকারী স্কুলে ভর্তি পরীক্ষা

# ১২শ' আসনের জন্য ১২ হাজার প্রার্থী

(নিজস্ব বার্তা পরিবেশক)

আজ রোববার রাজধানীর সরকারী স্কুলগুলোতে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। বিভিন্ন শ্রেণীতে ভর্তির জন্য ছাত্রছাত্রীদের জোর প্রতিদ্বন্দ্বিতার মুখোমুখি হতে হচ্ছে। অভিভাবকগণ তাদের সন্তানদের ভর্তি নিয়ে চরম উৎকন্ঠায় ভুগছেন।

সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, রাজধানীর ২৬টি সরকারী স্কুলের ১২শ' আসনের জন্য ভর্তি ফরম বিক্রি হয়েছে প্রায় ১২ হাজার। অর্থাৎ প্রতিটি আসনের জন্য ভর্তিচ্ছু ছাত্রছাত্রীদের সংখ্যা ১০ জন করে।

এবার সরকারী স্কুলগুলোতে ভর্তির কাজ কেন্দ্রীয়ভাবে নিয়ন্ত্রিত হচ্ছে। ২৬টি স্কুলকে ৬টি জোনে ভাগ করা হয়েছে। এর মধ্যে বালিকা বিদ্যালয়গুলোকে রাখা হয়েছে দু'টি জোনে। ছাত্রছাত্রীরা যে কোন একটি জোনে পরীক্ষা দিতে পারছে।

গত ৭ই জানুয়ারী ভর্তি ফরম বিক্রি ও জমা নেয়ার শেষ

(শেষ পৃ: ২-এর ক: দেখুন)

**সরকারী স্কুলে ভর্তি পরীক্ষা**

(১ম পাতার পর)

দিনে এক হাজারেরও বেশী ফরম বিক্রি হয় বলে জানা গেছে। স্কুলগুলোতে প্রথম থেকে অষ্টম শ্রেণী পর্যন্ত কয়েকটি শ্রেণীতে ছাত্রছাত্রী ভর্তি করা হচ্ছে।

স্কুলগুলোতে বিভিন্ন শ্রেণীতে নতুন ভর্তির পাশাপাশি এক স্কুল থেকে আরেক স্কুলে ভর্তির চেষ্টাও চলছে। অনেক অভিভাবক তাদের সন্তানদের ভালো স্কুলে পড়াতে চান বলে বর্তমান স্কুল ছেড়ে পছন্দসই অন্য স্কুলে দৌড়াচ্ছেন। উভয় ক্ষেত্রেই তাদের উদ্বেগ-উৎকন্ঠার শেষ নেই; কারণ আসন সংখ্যার তুলনায় ভর্তিচ্ছু ছাত্রছাত্রীদের সংখ্যা অনেকগুণ বেশী।

রাজধানীর বেসরকারী স্কুলগুলোতে ভর্তি পরীক্ষা গতকাল ও পরশু অনুষ্ঠিত হয়েছে।